

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭  
www.doict.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০১১.২৪.০০৩.১৭- ৯৭০

তারিখ:

৩০ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ

১৫ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: AP-IS স্টিয়ারিং কমিটির আসন্ন সভায় বাংলাদেশের উপস্থাপনের জন্য তথ্য প্রদান সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন ০১-০২ নভেম্বর ২০১৭ খ্রিঃ তারিখে এশিয়া-প্যাসিফিক ইনফরমেশন সুপারহাইওয়ে (এপিআইএস) স্থাপন সংক্রান্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে বাংলাদেশে এপিআইএস স্টিয়ারিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত হতে যাচ্ছে। নিম্ন ব্যাল্ডউইদেথের দেশ হিসেবে উদ্যোগটি বাংলাদেশের জন্য অপার সম্ভাবনার দ্বার উন্মোচন করবে মর্মে আশা করা হচ্ছে। বর্তমানে মহাপরিচালক, আইসিটি অধিদপ্তর, UN-ESCAP কর্তৃক গঠিত এ সংক্রান্ত ওয়ার্কিং কমিটির সভাপতির দায়িত্ব পালন করছেন। আইসিটি বিভাগের পরিপত্র নং ৫৬.০০.০০০০.০২৫.২৪.০৩২.১৭-৩২৬; তারিখ ১৯ সেপ্টেম্বর ২০১৭ এর মাধ্যমে একটি এপিআইএস কারিগরি টিম গঠন করা হয়েছে (কপি সংযুক্ত)। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি), বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড, আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ক্যাবল অপারেটর, এনটিটিএন অপারেটর, আইআইজি অপারেটর এবং আইএসপি অপারেটরগণ উদ্যোগটির সাথে গুরুত্বপূর্ণ কারিগরি অংশীদার। ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থাসমূহের পাশাপাশি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, রেলপথ মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, ডিএনসিসি কমিটি ও এটুআই এপিআইএস সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের গুরুত্বপূর্ণ অংশীদার।

০২। আসন্ন সভা উপলক্ষে UN-ESCAP কর্তৃক আগত দেশসমূহের ইন্টারনেট অবকাঠামোগত প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপনের সুবিধার্থে তথ্য প্রদানের ছক প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। এর মাধ্যমে ইন্টারনেট ক্যানেলিভিটির ক্ষেত্রে বাংলাদেশের বর্তমান অবস্থান সম্পর্কে স্পষ্ট ধারণা লাভ করা যাবে। এ বিষয়ে গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডার প্রতিষ্ঠানসমূহ হতে মতামত প্রাপ্ত হওয়া প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, আইসিটি বিভাগের এপিআইএস কারিগরি টিমের বিগত ১২.১০.২০১৭ খ্রিঃ সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে সংশ্লিষ্ট স্টেকহোল্ডার প্রতিষ্ঠান কর্তৃক সংযুক্ত ছক অনুযায়ী আগামী ১৯ অক্টোবর ২০১৭ খ্রিঃ-এর মধ্যে তথ্য পূরণপূর্বক এর সফটকপি (ডেস্ক অফিসার, এপিআইএস-এর ই-মেইল—naeemiit08@gmail.com) ও হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

সংযুক্তি : ১। Country Submission Template-০২ (দুই) ফর্ড।

২। এপিআইএস, কারিগরি টিম গঠনের পরিপত্র- ০১ (এক) ফর্ড।

  
২৫/১০/২০১৭  
(বনমালী ভৌমিক)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
ফোনঃ ৮১৮১১০০ (অফিস)

বিতরণ: কার্যার্থেঃ

- ১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ জনাব ইকবাল মাহমুদ, যুগ্ম-সচিব)।
- ২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, আব্দুল গনি রোড, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বিটিআরসি, আইইবি ভবন, রমনা, ঢাকা।
- ৫। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৬। প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রী কার্যালয়, ঢাকা (উপর্যুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
- ৭। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, আব্দুল গনি রোড, ঢাকা।
- ৮। বিভাগীয় প্রধান, কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট/ ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৯। মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮, তেজগাঁও, ঢাকা।
- ১০। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ১১। ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইন্সটান গার্ডেন, ঢাকা।
- ১২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড, রহমান রেগনাম সেন্টার (৭ম ফ্লোর), ১৯১, তেজগাঁও, গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।
- ১৩। ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড, আইইবি ভবন, রমনা, ঢাকা।



১৪। জনাব আবু সাঈদ খান, সিনিয়র পলিসি ফেলো, LIRNEasia।

১৫। সভাপতি, আইএসপিএবি, Amber IT Ltd., Navana Tower (7th floor), 45 Gulshan South C/A Circle – 1, Dhaka।

১৬। সভাপতি, বেসিস, BDBL Bhaban (5th Floor - West), 12 Kawran Bazar, Dhaka -1215।

১৭। ব্যবস্থাপনা পরিচালক, ফাইবার@হোম, বাড়ি ৭/বি, রোড-১৩, গুলশান, ঢাকা-১২১২।

১৮। সিইও, সামিট গ্রুপ, ১৮, কাওরান বাজার, বা/এ, ঢাকা-১২১৫।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অফিস কপি।